দৈনিক জনকণ্ঠ

তারিখ ...8 AUG 2017...
পৃষ্ঠা ...১৪... কলাম ...৪...

# উপাচার্য শূন্য শাবি ॥ প্রশাসনিক কাজে অচলাবস্থা

**শাবি সংবাদদাতা ॥** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য পদ শূন্য থাকায় অচলাবস্থা বিরাজ করছে প্রশাসনিক কার্যক্রমে। ফলে ভোগান্তিতে পড়েছেন বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থীসহ কর্মকর্তা-কর্মচারীরা। ২০১৩ সালের ২৬ জুলাই থেকে উপাচার্যের দায়িত্ব পালন করে আসা অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়ার মেয়াদ শেষ হয় গত জুলাই মাসের ২৭ তারিখ। এরপর থেকে উপাচার্য পদটি খালি রয়েছে। নতুন উপাচার্য হিসেবে অন্য কাউকে নিয়োগ দেয়ার ক্ষেত্রে সরকারের পক্ষ থেকে এখনও কোন সিদ্ধান্ত আসেনি। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ ইশফাকুল হোসাইন বলেন, উপাচার্য না থাকায় সকল প্রশাসনিক কার্যক্রম বন্ধ আছে। যে কোন ধরনের আর্থিক সংস্থান, নিয়োগ প্রক্রিয়া, প্রকল্প অনুমোদন সবই বন্ধ। এছাড়া শিক্ষকদের পদোন্নতি, উচ্চতর শিক্ষার জন্য বিদেশ গমন, অসুস্থতার জন্য চিকিৎসাকালীন ছুটি, বিনোদন ছুটিসহ অন্য যে কোন ধরনের ছুটিতে যাওয়া সম্ভব হচ্ছে না। এমনকি এমফিল কোর্সের গবেষণাপত্রের অনুমোদনও পাচ্ছেন না অনেক শিক্ষক। ক্লাস-পরীক্ষার মাধ্যমে শিক্ষাকার্যক্রম স্বাভাবিক থাকলেও সার্টিফিকেট, মার্কশীট কিংবা পরীক্ষার রেজাল্টের ক্ষেত্রে ভোগান্তি পোহাতে হচ্ছে শিক্ষার্থীদের। বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষার্থী রানা কায়সার বলেন, সার্টিফিকেট তোলার জন্য অপেক্ষা করছি। কবে নতুন উপাচার্য আসবেন আর সার্টিফিকেট তুলব তা জানা নেই। বিশ্ববিদ্যালয় ছাড়াও বাইরের প্রায় ১১টি সরকারী, বেসরকারী মেডিক্যাল কলেজ, নার্সিং কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীরা এফিলেটেড হিসেবে শাহজালাল বিশ্ববিদ্যালয় থেকে তাদের সার্টিফিকেট গ্রহণ করে থাকেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর